

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৯২৬

কুমারঘাট, ৩০ নভেম্বর, ২০২৩

**বিকশিত ভারত সংকল্প যাত্রায় চান্ডিপুর রাজ্যে সুশাসন শিবিরের উদ্বোধন
মানব সম্পদ উন্নয়নে কেন্দ্রীয় সরকার গুরুত্ব দিয়েছে : কেন্দ্রীয় স্বাস্থ্য প্রতিমন্ত্রী**

২০৪৭ সালের মধ্যে ভারতকে একটি শক্তিশালী রাষ্ট্র হিসেবে গড়ে তুলতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। এজন্য সরকারি প্রকল্প ও পরিষেবার সুবিধা সমাজের অস্তিম মানুষের কাছে পৌছে দেওয়ার পাশাপাশি মানব সম্পদ উন্নয়নের উপরও কেন্দ্রীয় সরকার গুরুত্ব দিয়েছে। সরকারি প্রকল্প ও পরিষেবার সুযোগ অস্তিম মানুষের কাছে পৌছে দিতে দেশব্যাপী শুরু হয়েছে বিকশিত ভারত সংকল্প যাত্রা। আজ বিকশিত ভারত সংকল্প যাত্রায় চান্ডিপুর রাজ্যে এক সুশাসন শিবিরের উদ্বোধন করে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী সত্যপাল সিং বাঘেল একথা বলেন। অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে দেশ এখন এগিয়ে যাচ্ছে। বিভিন্ন সরকারি প্রকল্পের আর্থিক সহায়তা সরাসরি সুবিধাভোগীদের অ্যাকাউন্টে দেওয়া হচ্ছে। গতকাল কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সত্যপাল সিং বাঘেল দুদিনের উনকোটি জেলা সফরে এসেছেন। উল্লেখ্য, চান্ডিপুর রাজ্যের চান্ডিপুর, হালাইপার ও শ্রীরামপুর গ্রাম পঞ্চায়েতকে নিয়ে বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে এই শিবিরের আয়োজন করা হয়েছে।

শ্রীরামপুর সূর্যমণি স্মৃতি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে প্রশাসনিক শিবিরের উদ্বোধনের আগে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী গৌরনগর রাজ্যের কাউলিকুরা পঞ্চায়েতে প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ প্রকল্পে আবাস প্রাপক নমিতা দেবনাথের গৃহ প্রবেশ অনুষ্ঠানে যোগ দেন। এরপর কেন্দ্রীয় প্রতিমন্ত্রী উনকোটি জেলার আয়ুষ্মান ভারত-প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনায় তালিকাভুক্ত ফটিকরায় প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শনের সময় কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসক, স্বাস্থ্যকর্মী ও রোগীদের সাথে মতবিনিময় করেন। পরিদর্শনের সময় কেন্দ্রীয় প্রতিমন্ত্রীর সাথে ছিলেন প্রাণীসম্পদ বিকাশমন্ত্রী সুধাংশু দাস, ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস, কুমারঘাট পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুমতি দাস, জেলাশাসক রাজীব দত্ত প্রমুখ।

শ্রীরামপুর সূর্যমণি স্মৃতি দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে শিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে নয়াদিল্লি থেকে বিকশিত ভারত সংকল্প যাত্রার ১৫ দিন পূর্তির অনুষ্ঠান সরাসরি সম্পূর্ণ করা হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ক্রীড়ামন্ত্রী টিংকু রায়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস, সহকারি সভাধিপতি শ্যামল দাস, চান্ডিপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান লাকি পাল দাস, ভাইস চেয়ারম্যান সন্দীপ কুমি, জেলাশাসক রাজীব দত্ত প্রমুখ। অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সত্যপাল সিং বাঘেল বিকশিত ভারত সংকল্প যাত্রায় সরকারি প্রকল্প ও পরিষেবার তথ্য সম্বলিত ভায়মান প্রচার গাড়িরও সূচনা করেন। সুশাসন শিবির উপলক্ষে মৎস্য, শ্রম, ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন, কৃষি ও কৃষক কল্যাণ সহ বিভিন্ন দপ্তরের প্রকল্পের সুবিধা সুবিধাভোগীদের হাতে তুলে দেন।
